সংবাদ

তারিখ 27 DEC 2017
পৃষ্ঠা ১ কলাম ১

বেতন বৈষম্য নিরসনে

# প্রাথমিক শিক্ষকদের সঙ্গে বৈঠক করবে মন্ত্রণালয়

নিজস্ব বার্তাপরিবেশক

বেতন বৈষম্য নিরসনে চলতি সপ্তাহেই প্রাথমিক শিক্ষকদের সঙ্গে আলোচনায় বসছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। টানা তিনদিন অনশনের পর কর্মসূচি স্থগিত করা প্রাথমিক শিক্ষক নেতাদের সঙ্গে এই বৈঠক হবে।

এই আলোচনায় শিক্ষকদের দাবি যৌক্তিক মনে হলে তা বাস্তবায়নে উদ্যোগ নেওয়া হবে বলে গতকাল সচিবালয়ে সাংবাদিকদের জানান, প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান।

তিনি আরও বলেন, 'এ সপ্তাহেই আমরা আলোচনা শুরু করব। আলোচনার টেবিলে যদি দেখা যায় তাদের দাবি যৌক্তিক তাহলে মেনে নেয়া হবে।'

শিক্ষকরা জানান, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রশিক্ষণপ্রাপ্ত প্রধান শিক্ষকরা একাদশ গ্রেডে বেতন পান। কিন্তু একই শিক্ষাগত যোগ্যতা নিয়ে চাকরিতে প্রবেশ করা সহকারী শিক্ষকরা পান চতুর্দশ গ্রেডে। এই বৈষম্য কমিয়ে দ্বাদশ গ্রেডে প্রাথমিক : পৃষ্ঠা : ১৫ ক : ৩

## প্রাথমিক : শিক্ষকদের

(১ম পৃষ্ঠার পর)

বেতনের দাবিতে গত শনিবার থেকে কেন্দ্রীয় শহীদ মিনারে অনশন পালন করেন সারা দেশের কয়েক হাজার শিক্ষক।

প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রীর আশ্বাসের প্রেক্ষিতে এবং নিজ সংগঠনের নেতাদের অনুরোধে গত সোমবার সন্ধ্যায় অনশন ভাঙেন আন্দোলন চালিয়ে আসা এই সহকারী শিক্ষকরা। কিন্তু মন্ত্রীর কাছ থেকে স্পষ্ট কোনো আশ্বাস না পাওয়ায় ওই দিন সন্ধ্যায় বেশকিছু সময় তারা আন্দোলন অব্যাহত রাখেন। এক পর্যায়ে তা স্থগিত করা হয়।

এ বিষয়ে গণশিক্ষামন্ত্রী বলেন, 'শিক্ষকদের বেতন গ্রেড উন্নীত করা হবে- সেই আশ্বাস আমি দেইনি। ওই আশ্বাস দেয়ার কর্তৃত্বও আমার হাতে নেই। কারণ, এর সঙ্গে অর্থ এবং জনপ্রশাসন মন্ত্রণালয় জড়িত। আমি এ বিষয়ে একা সিদ্ধান্ত নিতে পারি না।'

মন্ত্রী জানান, শিক্ষকদের দাবির যৌক্তিকতা বুঝতে এবং এ বিষয়ে করণীয় নির্ধারণে প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালককে আলোচনায় বসার উদ্যোগ নিতে বলা হয়েছে। শিক্ষকদের মধ্য থেকে পাঁচ থেকে সাত জনের একটি প্রতিনিধি দল ঠিক করতে বলা হয়েছে। তবে শিক্ষক সংগঠনগুলো নিবন্ধিত না হওয়ায় চিঠি দিয়ে তাদের ডাকা যাবে না।'